# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭১৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اجْعَلُوا فِي بُيُوتِكُمْ مِنْ صَلَاتِكُمْ وَلَا تَتَّخِذُوهَا قُبُورًا»

## বাংলা

৭১৪-[২৬] ইবনু ’উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের ঘরেও কিছু কিছু সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে এবং ঘরকে কবরে পরিণত করবে না। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪৩২, মুসলিম ৭৭৭, আবূ দাউদ ১০৪৩, নাসায়ী ১৫৯৮, তিরমিযী ৪৫১, সহীহ আল জামি‘ ১৫৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: সালাত দ্বারা উদ্দেশ্য- নফল সালাত (সালাত/নামায/নামাজ)। তোমাদের ঘরকে কবর বানিও না- তথা তোমরা তোমাদের বাড়ীতে সালাত ছেড়ে দিবে না। যেমনটি ক্বরে করা হয়। উদ্দেশ্য হলো তোমাদের বাড়ীর প্রাপ্য দাও সালাত আদায়ের মাধ্যমে আর তা ক্বরের মতো করো না। কেননা সেখানে সালাত আদায় হয় না।

‘উলামাগণ এ হাদীস দ্বারা প্রমাণ করেছেন যে, কবরস্থান সালাত আদায়ের জায়গা নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55271

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন